মুজিবনগর স্থল বন্দরের কাস্টমস স্টেশনের গেজেট প্রকাশ

মেহেরপুরের মুজিবনগর স্থলবন্দরের জন্য স্থল কাস্টমস স্টেশন অবিলম্বে চালু করার জন্য গেজেট প্রকাশ করেছে জাতীয় রাজস্ব বোর্ড।

গত ২৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার জাতীয় রাজস্ব বোর্ডের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ গেজেট প্রকাশ করেছে। গেজেটে মুজিবনগর স্বাধীনতা সড়ক হয়ে ভারতের নদীয়া জেলার চাপড়া-কৃষ্ণনগর সড়ক দিয়ে ভারতে যাত্রী চলাচল ও পণ্য আমাদানী ও রপ্তানী করা যাবে। তবে অবকাঠামো উন্নয়ন না হওয়া পর্যন্ত কেবল যাত্রী চলাচল করতে পারবে।

স্বাধীনতার সূতিকাগার মেহেরপুরের মুজিবনগর (তৎকালীন বৈদ্যনাথতলা) থেকে ভারতের নদীয়া পর্যন্ত ঐতিহাসিক সেই সড়ক। যে সড়ক ধরে ১৯৭১ সালের ১৭ এপ্রিল জাতীয় চার নেতা মুজিবনগরের আম্রকাননে এসে শপথ নিয়েছিলেন বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন প্রথম সরকারের। জাতীয় চার নেতার সাথে এই সড়ক ধরে এসেছিলেন অসংখ্যা বিদেশি সংবাদকর্মী ও মুক্তিযোদ্ধা।

স্বাধীনতার দির্ঘ সময় পরে হলেও মুজিবনগর-কলকাতা “স্বাধীনতা সড়ক” নির্মাণ করছে স্থানীয় সরকার মন্ত্রণালয়। এক কোটি চার লাখ টাকা ব্যয়ে ইতিমধ্যে নির্মাণ হয়েছে স্বাধীনতা সড়ক।

মুজিবনগরের মোনাখালীতে মুক্তিযোদ্ধার বাড়িতে সরকারি কর্মকর্তার ইন্ধনে হামলা

(ভিডিও সহ)

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালীতে প্রয়াত বীর মুক্তিযোদ্ধা রমজান আলীর বাড়িতে হামলার অভিযোগ উঠেছে সরকারি কর্মকর্তা সেলিম রেজাসহ তার গ্রুপের বিরুদ্ধে।
সোমবার সকাল ও আজ মঙ্গলবার সকাল দু’দফা হামলা চালিয়েছে অভিযুক্তরা। একই পরিবারের দুই বাড়ির মাঝখান দিয়ে জোরপূর্বক রাস্তা তৈরীকে কেন্দ্র করে এই হামলা, ভাংচুর, লুটপাট ও মারধরের ঘটনা ঘটে। অভিযুক্ত সেলিম রেজা একই এলাকার শাহাবুদ্দিনের ছেলে। তিনি মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হিসেবে কর্মরত রয়েছেন।
জানা গেছে, সেলিম রেজা ও মজিদ মন্ডলের ছেলে মিজার নেতৃত্ব বাদলের ছেলে মিনা, চিনিবাশ, ফারুল, মিনার ছেলে তামিম, তৌফিক, আশাফদ্দিনের ছেলে আরিফ, আবেদ আলীর ছেলে মুনির, ওহাব মেম্বারের ছেলে বিপ্লব, মোজালের ছেলে রেকাব, গাফিরুল, তারেক, তারেবের ছেলে জহির, মহাসিন মন্ডলের ছেলে ইউনুস, মজিদ মন্ডলের ছেলে আলাউদ্দিন মেম্বার এবং নুর ইসলামের ছেলে সামাদের বিরুদ্ধে।
সরেজমিনে দেখা যায়, হামলাকারীরা বাড়িঘরের টিন, টালি, বাড়ির প্রধান দরজা কুপিয়ে ঝাজরা করাসহ ব্যাপক ভাংচুর ও ইটপাটকেল নিক্ষেপ করেছে। হামলায় আশরাফুল, আবুল, সাঈদ, তহমিনা ও ফাইমা আহত হয়েছে। বিগত কয়েক বছর আগে একই ঘটনাকে কেন্দ্র করে হামলা চালিয়ে আশরাফুলকে গুরুতর জখম করা হয়। সেই মামলা বর্তমানে আদালতে বিচারাধীন।
আবারও হামলা ও মৃত্যু ভয়ে বর্তমানে বাড়িটি পুরুষ শূণ্য অবস্থায় আছে।

প্রয়াত বীর মুক্তিযোদ্ধা রমজান আলীর স্ত্রী খালেচা খাতুন অভিযোগ করে বলেন, অর্থ, পেশিশক্তি ও রাজনৈতিক ক্ষমতার প্রভাব খাটিয়ে জোরপূর্বক দুই বাড়ির মাঝখান দিয়ে তারা চলাচলের রাস্তা নিতে চাই। এর আগেও তারা জোরপূর্বক জমি দখলের চেষ্টা করে। সেটি জনপ্রতিনিধিরা বসে ঠিকঠাক করে দিয়ে যায়। তারপরও তারা তাদের সিদ্ধান্ত না মেনে জোর করে এই রাস্তা নেবে। আদালত থেকে রায় পাওয়ার পরও তারা তা না মেনে আবারও রাস্তা জবরদখলে নেওয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছে।

কিছুদিন চুপ থাকার পর গতকাল ও আজকে তারা সঙ্গবদ্ধভাবে হামলা চালিয়ে আমার বাড়িঘর ভাংচুর, মারধর ও লুটপাট চালায়। বৃষ্টির মতো

করে তারা চারিদিক থেকে ইটপাটকেল নিক্ষেপ করে। এঘটনায় আমরা নিরাপত্তাহীনতায় ভুগছি। সেলিম রেজা কথায় কথায় বলে আমাদের মন্ত্রী আছে। সবই তারা মন্ত্রীর বলে করছে। এখন সুলতান, শহিদুল ও হাফিজুলকে মারার জন্য তারা যুক্তি করছে। আমরা অসহায় এই ঘটনার সঠিক তদন্ত করে সঠিক বিচারের দাবি জানাচ্ছি।
মোনাখালী গ্রামের অনেকেই অভিযোগ করে বলেন, সেলিম রেজা মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হিসেবে কর্মরত রয়েছেন। কিন্তু তিনি কর্মস্থলে না গিয়ে অধিকাংশ সময় নিজ গ্রামেই থাকেন। কেউ কিছু বললে, প্রতিমন্ত্রী তাঁর ফুফাত ভাই পরিচয় দিয়ে দম্ভোক্তি প্রকাশ করেন।

এবিষয়ে অভিযুক্ত সেলিম রেজা বলেন, একজন মানুষ অন্যকে দোষারোপ করতেই পারে। আমি এর সাথে সম্পৃক্ত না।

মেহেরপুরে ফেনসিডিল ও গাঁজাসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে থানা পুলিশের অভিযানে ৩৪ বোতল ফেনসিডিল ও এক কেজি গাঁজাসহ মোয়াজ্জেম শেখ (৫৫) নামের এক ব্যক্তিকে আটক করা হয়েছে।

সোমবার (২৮ ফেব্রুয়ারী) সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের কল্যানপুর গ্রামের ব্রিজের উপর থেকে তাকে আটক করা হয়।

এ সময় মাদক পাচারের কাজে ব্যবহৃত ব্যাটারী চালিত পাখি ভ্যান জব্দ করা হয়। মোয়াজ্জেম শেখ উপজেলার কাজিপুর ইউনিয়নের সাহেবনগর গ্রামের বদরউদ্দিনের ছেলে।

গাংনী থানা পুলিশ সূত্রে জানা গেছে, কল্যাণপুর ব্রিজ এলাকায় মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে বামুন্দি ক্যাম্প

ইনচার্জ শরিফ হাবিবের নেতৃত্বে সেখানে অভিযান চালিয়ে মোয়াজ্জেম শেখ নামের এক ব্যক্তিকে আটক করা হয়। এ সময় তার কাছ থেকে ৩৪ বোতল ফেনসিডিল ও এক কেজি গাঁজা উদ্ধার করা হয়। সেইসাথে জব্দ করা হয় মাদক পাচারের কাজে ব্যবহৃত একটি পাখি ভ্যান।

আরো জানা গেছে, আটককৃত মোয়াজ্জেম হোসেনের বিরুদ্ধে ডাকাতিসহ একাধিক মাদক মামলা রয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় নিয়মিত মামলা হয়েছে।

আলমডাঙ্গার ইসলামপুর বসতবাড়িতে ঢুকে হামলা ও লুটপাটের অভিযোগ

আলমডাঙ্গার ইসলামপুর পূর্ব শত্রুতার জের ধরে বাড়িতে ডুকে মারপিট ও লুটপাটের অভিযোগ উঠেছে। সোমবার দুপুর সাড়ে ৩ টার দিকে ইসলামপুর মসজিদ পাড়ায় এ ঘটনাটি ঘটে। এ

তে সেলিম রেজাকে বেধড়ক মারপিট করে। গুরুত্বর আহত অবস্থায় তাকে উদ্ধার করে হারদি হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনায় সেলিম রেজার ছেলে বাদি হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়নের ইসলামপুর গ্রামের সেকেন্দার আলির ছেলে সেলিম রেজার সাথে একই গ্রামের নজরুল ইসলামের ছেলে রকিবুলের সাথে জমি সংক্রান্ত পূর্ব বিরোধ চলে আসছিলো।

সোমবার দুপুর সাড়ে ৩ টার দিকে আলমডাঙ্গার পৌর এলাকার এরশাদপুর গ্রামের ভ্যান চালক মারজুলের ছেলে মশিউরের নেতৃত্বে ইসলামপুর গ্রামের নজরুল ইসলামের ছেলে রকিবুল, শুভ ও গোবিন্দপুর গ্রামের বিল্লাল হোসেনের ছেলে মাসুদ, শাকিব অতর্কিত ভাবে সেলিম রেজার বাড়িতে হামলা করে।

এসময় সেলিম রেজাকে বেধড়ক মারপিট করে। তাকে বাঁচাতে গেলে তার স্ত্রী সুফিয়া ও ছেলে স্বাধীনকে মারপিট করে। অতর্কিত হামলার সময় সুফিয়ার চেইন ও ঘরে থাকা নগত প্রায় ৭০ হাজার টাকা লুটপাট করে

নেয়। হামলার শিকার সেলিম রেজা গুরুত্বর আহত অবস্থায় তাকে হারদি হাসপাতালে ভর্তি করা হয়।

এ ঘটনায় স্বাধীন বাদি হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত শিশু জিনিয়া অবশেষে মারা গেছে

মেহেরপুরের গাংনীতে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত শিশু জিনিয়া (৮) অবশেষে মারা গেছে। সোমবার রাত সাড়ে ৯ টায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শিশুটি মারা যায়।

শিশু জিনিয়া মেহেরপুরের গাংনী উপজেলার পৌর এলাকা বাঁশবাড়িয়া গ্রামের ফল ব্যবসায়ী জিনারুল ইসলামের মেয়ে।

এর আগে শিশু জিনিয়া সোমবার দুপুরে কুষ্টিয়া-মেহেরপুর মহাসড়কে বাঁশবাড়িয়া নামক স্থানে এক সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়।

পারিবারিক সূত্রে জানা যায়, গাংনী মডেল মাদ্রাসার দ্বিতীয় শ্রেণীর ছাত্রী জিনিয়া খাতুন সোমবার দুপুরে স্কুল থেকে বাড়ি ফেরার পথে বাড়ির সামনে রাস্তা পারাপারের সময় একটি ইজি বাইকের সাথে ধাক্কা লেগে গুরুতর আহত হয়।

স্থানীয়রা শিশুটিকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। কর্তব্যরত চিকিৎসক শিশুটিকে প্রাথমিক চিকিৎসা দেন।

শিশুটির অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাত সাড়ে ৯ টার দিকে শিশুটির মৃত্যু হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

করে ।

সকাল সাড়ে ৯টার দিকে এলাহীনগরের তোফাজ্জেলের ছেলে আশিক মোটর সাইকেল যোগে আলমডাঙ্গা আসার পৌর জান্নাতুল কবরস্থানের নিকট পৌছালে দ্রুত গতিতে যাওয়া লাটাহাম্বার আশিকের মোটর সাইকেলে ধাক্কা দেয়।

ধাক্কা লেগে আশিক মোটর সাইকেল থেকে ছিটকে পড়ে মারাত্মক জখম হয়। তাকে উদ্ধার করে প্রথমে স্থানীয় ক্লিনিকে ও পরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

আশিকের শারীরিক অবস্থার উন্নতি না হলে কুষ্টিয়া থেকে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

কবি ও সাহিত্যিক ডাঃ জাহাঙ্গীর আলম বিশ্বাসের দুটি বইয়ের মোড়ক উন্মোচন

অমর একুশে বই মেলায় আনুষ্ঠানিক ভাবে মোড়ক উন্মোচন করা হয়েছে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের মৃত আব্দুস সামাদের বড় সন্তান জেলার জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উপ-সহকারী মেডিকেল অফিসার কবি ও সাহিত্যিক ডাঃ জাহাঙ্গীর আলম বিশ্বাসের লেখা দুটি বই।

গত রোববার বিকাল ৫টার দিকে পশ্চিম দিগন্তে যখন সূর্য অস্ত যাচ্ছিল, ঠিক তখনি অমর একুশে আন্তর্জাতিক গ্রন্থ মেলা ঢাকা বাংলা একাডেমির মোড়ক উন্মোচন একাডেমি প্রাঙ্গণ মঞ্চে অতি আড়ম্বরপূর্ণ পরিবেশে মোড়ক উন্মোচন করা হয় শিশুতোষ কাব্যগ্রন্থ “বাংলার মধুমাস ও মহান স্বাধীনতার দীর্ঘ ৯ মাসের কাহিনীকে ঘিরে “ইতিহাসের খোজ তিন গোয়েন্দা”। এ অনুষ্ঠানে উপস্থিত থেকে মোড়ক উন্মোচন করেন কবি, সাহিত্যিক ও লেখক ডাঃ জাহাঙ্গীর আলম।

এসময় মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ছিলেন, প্রথম আলো বিজ্ঞান চিন্তা

বিষয়ব ম্যাগাজিনের উপ-ব্যবস্থাপক আব্দুল গাপ্ফার রণি, কবি হালিম নজরুল, ইঞ্জিনিয়ার ইমরান হোসেন, রাজিয়া সুলতানা, বিশিষ্ট শিক্ষানুরাগী নালিম চৌধুরী, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সাধারন সম্পাদক ও দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার দর্শনা অফিস সহকারী ব্যুরো চঞ্চল মেহমুদ, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সাধারন সম্পাদক ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা ব্যুরো প্রধান আহসান হাবীব মামুন প্রমুখ।

মেহেরপুরে সিগারেটের প্রচার ও বিজ্ঞাপন রাখার অপরাধে জরিমানা আদায়

মেহেরপুরে সিগারেটের প্রচার ও বিজ্ঞাপন সামগ্রী রাখার অপরাধে দুই ব্যবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল এবং বন্দর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসান ও রিফাত জাহান ।

জানা গেছে, ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার ও নিয়ন্ত্রন আইন ২০০৫ এর ধারা ৫ এর ১(চ) মতে তাদের জরিমানা করা হয়েছে। মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল বাজারে শশী স্টোর ৩ হাজার টাকা ও বন্দর মোড়ে রুপম স্টোরে অভিযান চালিয়ে ৪ হাজার টাকা জরিমানা করা হয়। এসময় সিগারেটের প্রচার ও বিজ্ঞাপন সামগ্রী জব্দ করা হয়। এসময় সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম সেখানে উপস্থিত ছিলেন। মেহেরপুর থানা পুলিশের একটি দল আদালত পরিচালনায় সহযোগিতা করেন।

কোটচাঁদপুরে ৫০ তম জাতীয় মাধ্যমিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ৫০তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আয়োজনে সোমবার দুপুরে শহরের সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়।

প্রতিযোগিতায় ৩৪টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ৩১ টি ইভেন্টে অংশ গ্রহন করে। প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা বাহারুল ইসলাম, অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া।

এসময় উপজেলা একাডেমিক সুপার ভাইজার ফারুক আহমেদ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।